গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর ভবন
রামপুরা, ঢাকা
www.btv.gov.bd

১৫.৫৪.০০০০.০২৩.১৪.৩০৪.১৮-২৩২

তারিখ : ১৬ আগস্ট, ২০১৮ খ্রিষ্টাব্দ

"বাংলাদেশ টেলিভিশনের কেন্দ্রীয় সম্প্রচার ব্যবস্থার আধুনিকায়ন, ডিজিটালাইজেশন ও অটোমেশন (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালের জন্য সরকার নির্ধারিত সাকুল্য বেতনে নিম্নলিখিত পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে (নির্ধারিত ফরমে) আবেদন/ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্র. | পদের নাম | বেতনস্কেল/ সাকুল্য বেতন | বেতন গ্রেড | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ ২৬/০৯/২০১৮- এ বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | প্রোগ্রামার | গ্রেড-৬ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ৫৬,৫২৫.০০ | ৬ | ২ | অনুর্ধ্ব ৩৫ বৎসর | (a) Master's degree in Physics/ Applied Physics/ Mathematics / Statistics/ Commerce/ Economics/ Sociology/ Business Administration or B.Sc. (Engineering)<br>(b) Associate Membership of a recognized Professional Computer Society<br>(c) At least 4 years' experience as Assistant programmer in any organization, or 2 years' experience in programming in the case of a person having Master Degree in Computer Science or Engineering.<br>(d) No 3rd Division or equivalent CGPA of any public examination is not acceptable. |
| ২. | টেলিভিশন প্রকৌশলী | গ্রেড-৯ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ৩৫৬০০.০০ | ৯ | ৪ | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক)কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স/মাইক্রোওয়েভ ইঞ্জিনিয়ারিং-এ ডিগ্রী অথবা কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে পদার্থ বিদ্যা/ ফলিত পদার্থ বিদ্যায় প্রথম শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে সম্মানসহ দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণ যোগ্য হবে না। |
| ৩. | সহকারি প্রোগ্রামার | গ্রেড-৯ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ৩৫৬০০.০০ | ৯ | ৪ | অনুর্ধ্ব ৩০ বৎসর | (a) Master's degree in any subject, or B.Sc. in Engineering or Computer Science.<br>(b) Must pass Standard test for Programming.<br>(c) No 3rd Division or equivalent CGPA of any public examination is not acceptable. |
| ৪. | গ্রাফিক্স ডিজাইনার | গ্রেড-৯ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ৩৫৬০০.০০ | ৯ | ১ | অনুর্ধ্ব ৩৫ বৎসর | (ক) কোন বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠান হইতে এম, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত অথবা ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ বি, এফ, এ ডিগ্রীপ্রাপ্ত।<br>(খ) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণ যোগ্য হবে না। |
| ৫. | ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপারভাইজার | গ্রেড-১০ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ২৭,১০০.০০ | ১০ | ২ | অনুর্ধ্ব ৩৫ বৎসর | (a) HSC with 7 years' experience as Date Entry/Control Operator.<br>(b) Must qualify practical test.<br>(c) No 3rd Division or equivalent CGPA of any public examination is not acceptable. |
| ৬. | হিসাব সহকারী | গ্রেড-১৬ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ১৭,০৪৫.০০ | ১৬ | ১ | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী।<br>(খ) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণ যোগ্য হবে না। |
| ৭. | অফিস সহকারী কাম-কম্পিটার মুদ্রাক্ষরিক | গ্রেড-১৬ অনুযায়ী মোট সাকুল্য বেতন- ৳ ১৭,০৪৫.০০ | ১৬ | ২ | অনুর্ধ্ব ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষাবোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। Word processing/ Data Entry ও Typing ইত্যাদিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলা ও ইংরেজি উভয়ক্ষেত্রে ২০ শব্দ থাকতে হবে।<br>(খ) কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী বা সমমানের সিজিপিএ গ্রহণ যোগ্য হবে না। |

<u>প্রয়োজনীয় তথ্যাবলী</u> :

০১। প্রার্থীকে এক পাতার নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমটি বিটিভির ওয়েবসাইট www.btv.gov.bd থেকে ডাউনলোড করে স্ব-হস্তে নির্ভুল ও স্পষ্টভাবে পুরণপূর্বক স্বাক্ষরান্তে আগামী ২৬/০৯/২০১৮ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয়, সদর দপ্তর ভবন (কক্ষ নং ৯০৬), রামপুরা, ঢাকা-১২১৯-এর কার্যালয়ে সরকারি ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৩। ২৬/০৯/২০১৮ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৬নং কলামে বর্ণনা অনুযায়ী হবে। তাছাড়া, সরকারি বিধান মোতাবেক মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা হবে ৩২ বৎসর পর্যন্ত।

০৪। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ বৎসর।

০৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। তাছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৬। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে প্রার্থীকে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর সনদ পত্রের সত্যায়িত কপি (সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী সনদ পত্রের সত্যায়িত কপি) দাখিল করতে হবে। এ ছাড়াও আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

০৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৮। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন/ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও ভুয়া/ ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল করা হবে।

০৯। দরখাস্তের সাথে পরীক্ষার ফি বাবদ (অফেরৎ যোগ্য) ক্রমিক নং ১-৫ এ বর্ণিত পদসমূহের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ৬-৭ এ বর্ণিত পদ সমূহের জন্য ১০০/- (একশত) টাকা হারে নিম্নোক্ত কোড নম্বরে ট্রেজারী চালান এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা প্রদানপূর্বক চালানের মূলকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | - | ৩ | ৩ | ৫ | ৩ | - | ০ | ০ | ০ | ০ | - | ২ | ০ | ৩ | ১ |

১০। লিখিত, ব্যবহারিক (প্রযোজ্যক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্যে কোনো প্রকার টিএ / ডিএ প্রদান করা হবে না।

১১। বর্ণিত পদসমূহে নিয়োগ প্রদান/ বাতিল এবং পদসংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১২। এ নিয়োগ প্রকল্প মেয়াদকালের জন্য সাকুল্য বেতনে করা হবে এবং প্রকল্পের মেয়াদান্তে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে ও বর্ণিত পদসমূহের জন্য ইস্যুকৃত নিয়োগপত্র প্রকল্পের মেয়াদান্তে অব্যহতিপত্র হিসেবে গণ্য হবে।

১৩। জ্ঞাতব্য :

(ক) যে কোন প্রকার তদবির প্রার্থী নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে।

(খ) বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি এবং এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি বাংলাদেশ টেলিভিশনের ওয়েবসাইট www.btv.gov.bd এ পাওয়া যাবে।

১৬/০৮/১৮

প্রকল্প পরিচালক
বাংলাদেশ টেলিভিশন